গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
www.niyd.gov.bd

**জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ৭ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : ড. মহিউদ্দীন আহমেদ
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি, নির্বাহী কাউন্সিল

তারিখ : ১৯-০৯-২০২৪খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তাঁর অনুমতিক্রমে এ ইনস্টিটিউট এর মহাপরিচালক ও নির্বাহী কাউন্সিল এর সদস্য সচিব সভার আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভার কার্যবিরণী অনুমোদন:**<br><br>জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভা ১২-১১-২০২৩ তারিখ ড. মহিউদ্দীন আহমেদ, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। ৬ষ্ঠ সভার কার্যবিবরণী সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোন সংযোজন/সংশোধন না থাকায় ৬ষ্ঠ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |
| ০২. | **নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:**<br><br>৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। | - | - |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৩. | **একাডেমিক কাউন্সিলের ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ অনুমোদন:**<br><br>০৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিল এর ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ উপস্থাপন করা হয়। | একাডেমিক কাউন্সিল এর ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ অনুমোদন করা হয়। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |
| ০৪. | **ইনস্টিটিউটে ১ম ও ২য় শ্রেণির জনবলের শূন্য পদে নিয়োগ কার্যক্রম গ্রহণ:**<br>২৭ জুলাই ২০২২ তারিখে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ১ম ও ২য় শ্রেণির জনবল নিয়োগের নিমিত্ত ২২টি পদের অনুমোদন প্রদান করা হয়। ০৫/০৭/২০২৩ তারিখে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে ২১/০৬/২০২৩ তারিখে নির্বাহী কাউন্সিল এর ৫ম সভার অনুমোদনের প্রেক্ষিতে ১ম শ্রেণিতে ০৯ টি ও ২য় শ্রেণিতে ১৩ টি পদসহ মোট ২২ টি পদের বিপরীতে নিয়োগপত্র জারী করা হয়। ১০/০৮/২০২৩ তারিখে নির্ধারিত সময়ের মধ্যে ১ম ও ২য় শ্রেণিতে মোট ২১ জন কর্মকর্তা যোগদান করেন। সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট যোগদান করেননি। যোগদান পরবর্তীকালে বিভিন্ন সময়ে সহকারী পরিচালক ০২ জন, ইন্সট্রাক্টর (কমিউনিকেটিভ ল্যাংগুয়েজ ইংলিশ) পদে ০১ জন, ইন্সট্রাক্টর (অটোমোবাইল) ০১ জন, ইন্সট্রাক্টর (ফিশারিজ) ০১ জন এবং উপসহকারী প্রকৌশলী ০১ জনসহ মোট ০৬ জন কর্মকর্তা ইস্তফা পত্র দাখিল করেন। বর্তমানে মোট ০৭টি শূন্য পদে জনবল পুনঃনিয়োগ এবং নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটির মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন। | সহকারী পরিচালক ০২ জন, ইন্সট্রাক্টর (কমিউনিকেটিভ ল্যাংগুয়েজ ইংলিশ) ০১ জন, ইন্সট্রাক্টর (অটোমোবাইল) ০১ জন, ইন্সট্রাক্টর (ফিশারিজ) ০১ জন, উপসহকারী প্রকৌশলী ০১ জন এবং সহকারী হোস্টেল সুপারিনটেনডেন্ট ০১ জনসহ মোট ০৭টি শূন্য পদে জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ এবং নিয়োগ প্রক্রিয়া শুরুর পূর্বে কোন পদ শূন্য হলে মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে নিয়োগ কমিটির মাধ্যমে ঐ সকল শূন্য পদে নিয়োগ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |
| ০৫. | **ইনস্টিটিউটের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে নিয়োগের লক্ষ্যে কমিটি গঠন ও নিয়োগ কার্যক্রম গ্রহণ:**<br>২৭ জুলাই ২০২২ তারিখে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ৩য় ও ৪র্থ শ্রেণির জনবল নিয়োগের নিমিত্ত ১৫ টি পদের অনুমোদন প্রদান করা হয়। ০৫/০৭/২০২৩ তারিখে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে ২১/০৬/২০২৩ তারিখে নির্বাহী কাউন্সিল এর ৫ম সভার অনুমোদনের প্রেক্ষিতে ৩য় শ্রেণিতে ১০ টি পদ ও ৪র্থ শ্রেণিতে ০৫ টি পদের বিপরীতে নিয়োগপত্র | (ক) অফিস সহায়কের ০১টি পদ সংরক্ষিত রেখে সহকারী লাইব্রেরিয়ান ০১ জন, হিসাব রক্ষক ০১ জন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১ জন এবং অফিস সহায়ক ০২ জনসহ মোট ০৫ টি শূন্য পদে নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে নিয়োগ প্রদান করতে হবে। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>জারী করা হয়। ১০/০৮/২০২৩ তারিখে নির্ধারিত সময়ের মধ্যে ৩য় ও ৪র্থ শ্রেণিতে মোট ১৩ জন কর্মচারী যোগদান করেন। নিয়োগ পরবর্তীতে যোগদানকৃত কর্মচারীগণের মধ্য হতে বিভিন্ন সময়ে কয়েকজন ইস্তফাপত্র প্রদান করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭/০৪/২০২৩ তারিখের ৯৬ নং স্মারকের পরিপত্র অনুসারে নিয়োগ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত অপেক্ষমান তালিকা থেকে ক্রমানুসারে শূন্য পদ পূরণ করা হয়। অপেক্ষমান তালিকার মেয়াদ শেষ হওয়ার পরে সহকারী লাইব্রেরিয়ান ০১ জন, হিসাব রক্ষক ০১ জন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১ জন এবং অফিস সহায়ক ০২ জনসহ মোট ০৫ জন কর্মচারীর পদ শূন্য রয়েছে। ৫ টি পদে নিয়োগের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের প্রস্তাব অনুমোদনের নিমিত্তে উপস্থাপন করা হলো:</td><td>কমিটি:
<table>
<tr><td>১</td><td>রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>অর্থবিভাগের উপসচিব/ সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১জন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপসচিব/ সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ০১ জন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
(খ) নিয়োগ প্রক্রিয়া শুরুর পূর্বে কোন পদ শুন্য হলে মন্ত্রণালয়ের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ কমিটি ঐ সকল শুন্য পদে নিয়োগ প্রদান করবে।<br><br>(গ) নিয়োগ কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের জন্য প্রতিটি পদের বিপরীতে অপেক্ষমান তালিকা করবে।</td><td></td></tr>
<tr><td>০৬.</td><td>ইনস্টিটিউটের প্রশিক্ষণ নীতিমালার অনুমোদন:<br>নির্বাহী কাউন্সিল এর ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক ইনস্টিটিউটের প্রশিক্ষণ নীতিমালার খসড়া প্রণয়ন করা হয়েছে। নীতিমালাটি অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।</td><td>নীতিমালাটির খসড়া মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।</td><td>মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল।</td></tr>
<tr><td>০৭.</td><td>জনবল কাঠামোর প্রস্তাবনা প্রেরণ সংক্রান্ত:<br>নির্বাহী কাউন্সিল এর ৫ম সভায় অনুমোদনক্রমে নিয়োগযোগ্য ৪০টি পদের মধ্যে ০৩টি পদ সংরক্ষিত রেখে ১ম ও ২য় শ্রেণির ২২ টি এবং ৩য় ও ৪র্থ শ্রেণির</td><td>ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতিসহ জনবল কাঠামো বৃদ্ধির উদ্যোগ গ্রহণের লক্ষ্যে নির্বাহী কাউন্সিলের</td><td>মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব</td></tr>
</table>

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ১৫ টিসহ মোট ৩৭টি পদে ১০/০৮/২০২৩খ্রি. তারিখে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের পর্যাপ্ত পদোন্নতির ব্যবস্থা না থাকায় নিয়োগ পরবর্তীতে কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে কাজে অনাগ্রহ প্রকাশ এবং অন্যত্র চাকুরী নিয়ে চলে যাওয়ার প্রবণতা বিদ্যমান। ইনস্টিটিউটের কর্মপরিধি বৃদ্ধি এবং কর্মকর্তা ও কর্মচারীদের কাজের প্রতি আগ্রহ সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক নতুন পদ সৃজন করত পদোন্নতির ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ লক্ষ্যে জনবল কাঠামোর খসড়া উপস্থাপন করা হলো। | সদস্যদের মতামত গ্রহণপূর্বক মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে। | নির্বাহী কাউন্সিল। |
| ০৮. | **ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধিকরণ:**<br>ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি এবং জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর উদ্দেশ্য পূরণকল্পে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের জন্য বিভিন্ন ট্রেডে আধুনিক মানের ল্যাব প্রতিষ্ঠা এবং উচ্চ শিক্ষা প্রদানের লক্ষ্যে অবকাঠামোর উন্নয়ন অতিব জরুরী। সেই সাথে ইনস্টিটিউটের গতি বৃদ্ধিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ লজিস্টিক্স বৃদ্ধি করা প্রয়োজন । এ লক্ষ্যে মন্ত্রণালয়ের মাধ্যমে দাতা সংস্থার সাথে যোগাযোগ নিমিত্তে কার্যক্রম গ্রহণ করা যায়। এছাড়া গণপূর্ত মন্ত্রণালয়ের সমন্বয়ে প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করা যায়। যা ইনস্টিটিউটকে আধুনিক ও চিন্তাকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করতে সহযোগিতা করবে। | (ক) গণপূর্ত অধিদপ্তরে প্রক্রিয়াধীন ডিপিপিটি প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) বিভিন্ন দাতা সংস্থার সাথে মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগপূর্বক সহযোগিতা প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |
| ০৯. | **জেলা প্রশাসক, চাঁদপুর কর্তৃক প্রেরিত জনাব মোঃ খালেদ খাঁন মাসুম , ব্যক্তিগত সহকারী সংশ্লিষ্ট প্রতিবেদন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ:**<br>জনাব মোঃ খালেদ খাঁন মাসুম, ব্যক্তিগত সহকারী সম্পর্কে জেলা প্রশাসক, চাঁদপুর কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, বর্ণিত কর্মচারী ছাত্র জীবন থেকে কোন প্রকার রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত নন। স্থানীয় ব্যক্তিবর্গের বরাতে জানা যায়, তার পিতা মোঃ শামছুল আলম খাঁন রাজনীতিতে সক্রিয় নন। স্থানীয় বাজারে মুদি দোকান দিয়ে তিনি ব্যবসা পরিচালনা করে জীবন নির্বাহ করেন মর্মে জানা যায়। | জেলা প্রশাসক, চাঁদপুর কর্তৃক প্রেরিত প্রতিবেদনে বর্ণিত কর্মচারী সম্পর্কে কোন নেতিবাচক তথ্য না পাওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১০. | **খন্ডকালীন চিকিৎসক, ইমাম ও মোয়াজ্জিনের ভাতা বৃদ্ধিকরণ:**<br>সৃজিত পদ না থাকায় ইনস্টিটিউটের প্রয়োজনে নির্বাহী কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক চিকিৎসক, ইমাম ও মোয়াজ্জিনকে খন্ডকালীন নিয়োগ প্রদান করা হয়। চিকিৎসকের মাসিক সম্মানি ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা, ইমামের মাসিক সম্মানি ১৭,০০০/- (সতেরো হাজার) টাকা এবং মুয়াজ্জিন এর মাসিক সম্মানি ১০,০০০/- (দশ হাজার) টাকা নির্ধারিত হয়েছিল। বর্তমান মূল্যস্ফীতি বিবেচনায় তাদের আবেদনের প্রেক্ষিতে তাদের মাসিক সম্মানী বৃদ্ধি করা প্রয়োজন। | খন্ডকালীন চিকিৎসক, ইমাম ও মোয়াজ্জিন এর প্রস্তাবিত মাসিক সম্মানী অনুমোদন করা হয়। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আউটসোর্সিং এ নির্বাহযোগ্য ১৮০০০/- টাকার অতিরিক্ত অর্থ প্রতিষ্ঠানের রাজস্ব বাবদ প্রাপ্ত অর্থ থেকে নির্বাহ করতে হবে। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |
| ১১. | **বিবিধ:**<br>(ক) মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট জানান, নির্বাহী কাউন্সিল এর ৬ষ্ঠ সভায় ইনস্টিটিউটের আইনের উপর বিধি প্রণয়নের লক্ষ্যে রেজিস্ট্রার এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। কিন্তু উক্ত কমিটির কোন সভা অনুষ্ঠিত না হওয়ায় খসড়া প্রণয়নের জন্য জনাব মোঃ আলাউদ্দিন , অতিরিক্ত সচিব (অবঃ) কে দায়িত্ব প্রদান করা হয়। তিনি ইতোমধ্যে একটি Zero Draft প্রস্তুত করেছেন। এ বিষয়ে কাজ চলমান রেখেছেন। এ কাজের জন্য তাকে সম্মানীর খাত হতে সম্মানী প্রদান করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন। সভায় উক্ত খাত হতে সম্মানী প্রদান বিষয়ে আলোচনা হয়।<br>(খ) পেনশন সংক্রান্ত:<br>প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের 'জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট চাকরী প্রবিধানমালা ২০২১' এর ৬১ ও ৬২ বিধি অনুযায়ী পেনশন সুবিধা বাস্তবায়নের নিমিত্তে কার্যক্রম গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) ইনস্টিটিউটের সম্মানী খাত হতে বিধি প্রণয়নে সহায়তার জন্য জনাব মোঃ আলাউদ্দিন, অতিরিক্ত সচিব (অবঃ) কে বিধি মোতাবেক সম্মানী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ন্যায় অন্যান্য প্রতিষ্ঠানে কিভাবে পেনশন কার্যক্রম বাস্তবায়িত হয়েছে তার একটি রূপরেখা আগামী নির্বাহী কাউন্সিলের সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্য সচিব নির্বাহী কাউন্সিল। |

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মহিউদ্দীন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি
নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।